

মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

		৯নং ওয়ার্ড কমিটির (WC) সভা
সভাপতি	:	জনাব মোঃ সোহেল রানা কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
স্থান	:	কাউন্সিলর সাহেবের অফিস কক্ষ, পৌরসভা কার্যালয়, ০৯নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।
সভার তারিখ	:	বিকাল ৩.০০ টায় -১৪/০৩/২০২২ খ্রিঃ।

সভাপতি মহোদয় অনিবার্য কারন বশত অনুপস্থিত থাকায় সহ- সভাপতি আজকের সভার সভাপতি করেন, সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ


- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসংগে।
- ২। রাস্তা ও ড্রেন নির্মাণ করন প্রসংগে।
- ৩। পানির লাইন স্থাপন প্রসংগে।
- ৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন নির্মাণ করন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন ৯নং ওয়ার্ডের নিম্নোক্ত রাস্তা ও ড্রেন না থাকায় দীর্ঘদিন যাবৎ যানবাহন সহ স্বাভাবিক চলাচলে বিঘ্ন ঘটছে। রাস্তাগুলি জনস্বার্থে জরুরীভাবে করা প্রয়োজন, এবং বিশেষভাবে বর্ষার সময় জলাবদ্ধতার সৃষ্টি হয় ও বাড়ির ব্যবহৃত পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় এলাকাবাসী চরম দুর্ভোগের সৃষ্টি হয়। সে প্রেক্ষিতে আগত বর্ষা মৌসুমের পূর্বেই রাস্তা ও ড্রেন গুলি নির্মাণ করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করে। প্রকল্পের নামঃ রাস্তাঃ (১) শিল্পকলা মোড় হতে ডি,পি,এইচ,ই		

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		পর্যন্ত বিসি রাস্তা। (২) আলেয়া মাদ্রাসা হতে কোর্টরোড পর্যন্ত বিসি রাস্তা। ড্রেনঃ (১) আলেয়া মাদ্রাসা হতে কোর্টরোড পর্যন্ত কভার ড্রাব সহ আরসিসি ড্রেন। ওয়ার্ড কমিটির সকল সদস্যগণ উপরেউল্লিখিত রাস্তা ও ড্রেনগুলি দ্রুততার সহিত নির্মানের জন্য অনুরোধ জানান।		
০৩	পানির লাইন স্থাপন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন জনাব মোঃ ইউনুস আলী, গোরস্থানপাড়া, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন যে, গোরস্থানপাড়া, পশুহাটপাড়ার বেশ কিছু এলাকায় পানি সরবরাহ লাইন না থাকায় জনসাধারণ পৌরসভার সুপেয় পানি হতে বঞ্চিত হচ্ছে। এলাকায় নলকূপের পানিতে আয়রন ও আর্সেনিকের মাত্রা বেশি হওয়ায় বিভিন্ন ব্যক্তি আর্সেনিকে আক্রান্ত হচ্ছে। সেকারণে উক্ত এলাকায় পানির সরবরাহ লাইন স্থাপন করা জরুরী। এ বিষয়ে পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করা হয়।	পানি সরবরাহ লাইন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মেহেরপুর পৌরসভা মহোদয়ের নিকট সুপারিশ করা হয়।	নির্বাহী প্রকৌশলী
০৪	বিবিধ	আলোচনায় জনাব মোঃ ফারুক হোসেন, সদস্য জানান যে, সম্প্রতি মশার উপদ্রব ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। সে কারনে মশক নিধন বিষ স্প্রে করা জরুরী প্রয়োজন। এ ওয়ার্ডে মশক নিধন বিষ স্প্রে করার জন্য এ বিষয়ে পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করা হলো।	০৯ নং ওয়ার্ডের মশক নিধন বিষ স্প্রে করার জন্য পৌর কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হলো।	স্যানিটারি ইন্সপেক্টর

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। সম্প্রতি করোনা ভাইরাস জনিত কোনরূপ গুজবে কান না দিয়ে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অন্তপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ সোহেল রানা)
সভাপতি(WC)

৩
৯নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।



মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ১৪/০৩/২০২২, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : কাউন্সিলর সাহেবের অফিস কক্ষ, পৌর কার্যালয়।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	মোঃ সোহেল রানা	কাউন্সিলর ও সভাপতি, ০৯ নং ওয়ার্ড কমিটি মেহেরপুর পৌরসভা।	
২	জনাবা, মোছাঃ রঞ্জিলা খাতুন	স্টেডিয়ামপাড়া, মেহেরপুর	রঞ্জিলা
৩	জনাব মোঃ হাসেম আলী	পন্ডের ঘাটপাড়া, মেহেরপুর	
৪	জনাব মোঃ ফারুক হোসেন	স্টেডিয়ামপাড়া, মেহেরপুর	ফারুক
৫	জনাব মোছাঃ রেহেনা খাতুন	গোরস্থানপাড়া, মেহেরপুর	রেহেনা খাতুন
৬	জনাব হাজী মোঃ বাবর আলী	ডাকঘরপাড়া, মেহেরপুর	মোঃ বাবর আলী
৭	জনাব মোছাঃ পারুল আক্তার	স্টেডিয়ামপাড়া, মেহেরপুর	পারুল আক্তার
৮	জনাব মোঃ ইউনুস আলী	গোরস্থানপাড়া, মেহেরপুর	ইউনুস আলী
৯	জনাব ওয়াহেদ হাসান	উপ-সহকারী প্রকৌশলী	 14.03.22